উপজেলা পরিষদ কার্যালয়
কালকিনি, মাদারীপুর
**www.kalkini.madaripur.gov.bd**

মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা পরিষদের জুন/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সাইফ-উল-আরেফীন
প্রশাসক, উপজেলা পরিষদ
কালকিনি, মাদারীপুর

সভার তারিখ : ২৫/০৬/২০২৫ খ্রি.

সময় : সকাল: ১১:০০ টা

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। তারপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় -১। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>১। আবাদ পরিস্থিতি</u><br>ক) আউশ আবাদ ৩৭৫ হেক্টর।<br>খ) আমন বীজতলা আবাদ ১৬৫ হেক্টর।<br>গ) শাকসবজি ৩৭৫ হেক্টর।<br><u>২। কৃষক প্রশিক্ষণ:</u><br>বিভিন্ন প্রকল্পের আওতায় ১৩০ জন কৃষক/কৃষাণীকে বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><u>৪। কৃষি প্রণোদনা কর্মসূচী:</u><br>২০২৪-২০২৫ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় কৃষক/কৃষানীকে বিনামূল্যে ৩৬৫০ জন কৃষক/কৃষাণীকে উফশী বীজ/চার এবং রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।<br><u>৫। বিবেচ্য মাসে উপজেলার সার পরিস্থিতি</u><br>ক) ইউরিয়া বরাদ্দ ১২৫ মে.টন, মজুদ- ৬৫ (মে.টন)<br>খ) টিএসপি বরাদ্দ ২৫ মে.টন, মজুদ- ২১ (মে.টন)<br>গ) ডিএপি বরাদ্দ ১১০ মে.টন, মজুদ- ৪৫ (মে.টন)<br>ঘ) এমওপি বরাদ্দ ৫৫ মে.টন, মজুদ- ২২ (মে.টন) | (১-৫) সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে বলা হয়। | উপজেলা কৃষি অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -২। উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>১। বিবেচ্য মাসে স্বাস্থ্য সেবার প্রতিবেদন:</u> রোগীর সংখ্যা বহিঃ বিভাগে ৬১০১ জন, জরুরী বিভাগে-১৩৩৬ জন, আন্তঃ বিভাগে -১৮৩০ জন, ৪ টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে রোগীর সংখ্যা -২৫৫১ জন, ৩৫ টি কমিউনিটি ক্লিনিকের চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -১৫৫৮৮ জন, সর্বমোট চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -২৭৪০৬ জন, শয্যা ব্যবহারের হার ১১৮.০৬%, রোগীর গড় অবস্থান- ১.৮৫ দিন, মৃত্যুর হার ০.১০%, সিজারিয়ান অপারেশন- ০৩ জন, স্বাভাবিক প্রসব -১৯ জন, দুর্ঘটনায় আহত রোগীর সংখ্যা- ৬৯ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা -১ জন, স্বাভাবিক মৃত্যুর সংখ্যা ১ জন ও মাইনর সার্জারী -১৭৭ জন ও ফেব্রুয়ারী মাসে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ১২ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৩। উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় জানানো হয় যে, উপজেলার আওতাধীন সকল ইউনিয়ন পরিষদ, সকল ইউনিয়ন ভূমি অফিস ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১ লক্ষ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব) তহবিল এর অর্থায়নে পিআইসির মাধ্যমে বিভিন্ন প্রজাতির গাছ বিতরণ প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব করা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্প অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>বিবেচ্য মাসের কার্যক্রম:</u> ক. কৃত্রিম প্রজনন- ১১৯০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। খ. শংকর জাতের বাছুর উৎপাদন- চলতি মাসে ৪৯০ টি বাছুর উৎপাদিত হয়েছে। গ. গবাদি পশুর চিকিৎসা- চলতি মাসে ২৪২০ টি গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে। ঘ. হাঁস-মুরগীর চিকিৎসা- চলতি মাসে ২৭৯১০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |

চলমান পাতা-০২

CamScanner

| | | |
|---|---|---|
| ঙ. গবাদি পশুর টিকা প্রদান- চলতি মাসে ১৫০০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। চ. হাঁস-মুরগির টিকা প্রদান- চলতি মাসে ২৫০০০ টি হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে। ছ. প্রশিক্ষন প্রদান: ৪৬০ খামারীকে। | | |

আলোচ্য বিষয় -৫। সিনিয়র উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>রাজস্ব খাতের আওতায় দেশিয় প্রজাতির মাছ, শামুক সংরক্ষণ, উন্নয়ন প্রকল্প ও ইলিশ সম্পদ উন্নয়ন এবং ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিভিন্ন কাজ চলমান আছে।<br>ক. অফিসে ও মাঠে ২০ জন চাষীকে পরামর্শ দানসহ মোট ক্রমপুঞ্জিত ২২০ জন সুফলভোগীকে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কালকিনি এর সেবার আওতায়/সান্নিধ্যে আনা হয়।<br>খ. সরকার ঘোষিত ০১ নভেম্বর/২০২৪ থেকে ৩০ জুন/২৫ পর্যন্ত জাটকা রক্ষা কার্যক্রম এর আওতায় কালকিনির আড়িয়াল খা নদে জাটকা রক্ষা কার্যক্রম বাস্তবায়নে ২টি অভিযান ও ০১টি মৎস্য সংরক্ষণ আইনী মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হয।<br>গ. এছাড়াও বিভিন্ন মাছ বাজার, আড়তে ও হাট-বাজারে ২০ টি মৎস্য সংরক্ষণ আইনী পরিদর্শন ও তদারকিতে থাকা হয়।<br>ঘ. ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় দরিদ্র জেলেদের তালিকা হালনাগাদ কাজ চলমান রয়েছে।<br>ঙ. ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় জাটকা ধরা থেকে বিরত থাকা জেলেদের তালিকা হালনাগাদ কাজ চলমান রয়েছে।<br>চ. দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ০.৪৬৫ মে.টন দেশীয় প্রজাতির ও কার্প জাতীয় মাছের পোনা উন্মুক্ত জলাশয়ে অবমুক্ত করা হয়। | ১(ক-চ) স্বাভাবিক ভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। উপজেলা পরিষদ কাবিখা: গ্রামীণ অবকাঠামো ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছওে সর্বমোট বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত খাদ্যশস্য (গম) দ্বারা ১৭টি এবং (চাল) দ্বারা ১৭টি সর্বমোট ৩৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>২। উপজেলা পরিষদ কাবিটা: গ্রামীণ অবকাঠামো ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত টাকা দ্বারা ৫৮টি প্রকল্প অনুমোদন করা হয়েছে।<br>৩। উপজেলা পরিষদ টিআর: গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত টাকা দ্বারা ৭১টি প্রকল্প অনুমোদন করা হয়েছে।<br>৪। বীর নিবাস নির্মান প্রকল্প: ০৯টি প্যাকেজে ৭৩টি বীর নিবাসের মধ্যে ৫৪টি বীর নিবাসের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ১৯টি বীর নিবাসের মধ্যে ১৬টি বীর নিবাসের নির্মান কাজ চলমান।<br>৬। ব্রীজ/কালভার্ট নির্মান প্রকল্প: ২০২৩-২০২৪ অর্থ বছরে কার্যাদেশকৃত ০৯টি বক্স কালভার্ট এর নির্মান কাজ চলমান রয়েছে।<br>৭। গ্রামীন রাস্তা এইচবিবিকরণ প্রকল্প : ২০২৪-২০২৫ অর্থ বছরে ১.০০০ কিলোমিটার রাস্তার বরাদ্দ পাওয়া গিয়েছে। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো এবং নিয়মিত উন্নয়ন প্রকল্প তদারকির জন্য বলা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৭। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় সভায় আলোচনা করেন:-<br>১। উপজেলা পরিষদ এর অর্থায়নে চার ধাপে ১৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১০৬৮ জন শিক্ষার্থীর মাঝে স্কুল ড্রেস বিতরণ করা হয়েছে। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো | উপজেলা শিক্ষা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৩

CamScanner

আলোচ্য বিষয় -৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সঠিকভাবে চলছে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম সঠিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | সরকার নির্ধারিত নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

আলোচ্য বিষয় -৯। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>বিবেচ্য মাসের তথ্য:</u><br><u>১। নিবন্ধিত সমিতি সংক্রান্ত আলোচনা:</u> প্রাথমিক বিভাগীয় সমিতি ১৬৪ টি(সিআইজি মৎস্য-২০, কৃষি-২৮, প্রাণি সম্পদ-০৬), কেন্দ্রীয় সমিতির সংখ্যা ০১ টি (বিআরডিবি), প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৭১ টি ও সার্বিক গ্রাম উন্নয়ন সমিতির সংখ্যা ৩০ টি।<br><u>২। নিরিক্ষার জন্য বরাদ্দকৃত সমিতি সংক্রান্ত আলোচনা:</u> প্রাথমিক বিভাগীয় সমিতি ৬২ টি, কেন্দ্রীয় সমিতি ০১ টি, বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ৩০ টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা- ৬২ টি ও কেন্দ্রীয় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা সংখ্যা ১ টি ও বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা - ০ টি।<br><u>৩। অডিট ফি সংক্রান্ত আলোচনা (অডিট বর্ষ ২০২২-২০২৩):</u> ধার্য =৭৪৩২০/-, অত্র মাস পর্যন্ত আদায় = ৭৪৩২০/-, আদায় বাকী- ০ টাকা।<br><u>৪। সমবায় উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা:</u> ধার্য (অডিট বর্ষ) =১৭৫৯২০/-, আদায় =১৭৫৯২০/-, আদায় বাকী ০<br><u>৫। আশ্রয়ণ প্রকল্পের ঋণ সংক্রান্ত আলোচনা:</u> বিতরণ =১৩৪৭০০০/-, আদায় = ১০৬৯৮৫১/-. আদায় বাকী = ২৭৮৬৪৯ /-<br>০৬। সমিতির নির্বাচন অনুষ্ঠান ১৬ টি<br>০৭। লভ্যাংশ বিতরণকৃত সমিতির সংখ্যা- ২৩ টি, অত্র মাস পর্যন্ত বিতরণের পরিমান ২ টি।<br>০৮। সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ৪৮ টি। | ১-৮: সভায় উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা সমবায় অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১০। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>ক. উপজেলার মোট সক্ষম দম্পতি-৪২১৯৫ জন, খ. মোট গ্রহণকারীর সংখ্যা-৩০২২১ জন, গ. গ্রহণকারীর হার- ৭১.৬২%, ঘ. গর্ভবতীর সংখ্যা- ১৮৯ জন, ঙ. গর্ভবতী মায়ের যত্ন- ৪৯৪ জন, চ.গর্ভোত্তর মায়ের যত্ন- ১৩৯ জন, ছ. সাধারণ রোগীর সেবা- ৬৩৯ জন, জ. কিশোর-কিশোরী সেবা- ১০৯০৮ জন, ঞ. শিশু সেবা-২০৬ জন, ট. পুষ্টি সেবা-১৯৫৬ জন ঠ. প্রসব সেবা ৩৬ জন । | সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, দরিদ্র গর্ভকালীন নারীদের সেবা প্রদান এবং শিশু স্বাস্থ্য সেবা প্রদানে পরিবার কল্যান সহকারীদের জোড়দার ভূমিকা পালনে কঠোর নির্দেশনা প্রদানের জন্য বলা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১১। পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>১। আলোচ্য মাসের বিদ্যুৎ সংক্রান্ত তথ্য:</u> বিদ্যুৎ ক্রয় (কিঃওঃঘঃ) (গ্রীড মিটার = ৭১৪০৮৯৮, বিদ্যুৎ বিক্রয় (কিঃওঃঘঃ) =৬৪৬৭২৩৩, সিস্টেম লস (গ্রীড মিটার) = ৯.৪৩%, বিলকৃত টাকা =৪৮৭৩১৭৯০, আদায়কৃত টাকা =৪৮৭৩০৭৯০, বকেয়া মাস (রিসেল, রিবেট, ও সি আই ব্যতিত) ০.৯৭, অভিযোগ সমাধান ৪৬১ টি, নতুন মিটার স্থাপন ৩০২টি, মিটার পরিবর্তন = ২২৮ টি, মিটার পূণঃ সংযোগ ১৩৭ টি, সংযোগ বিচ্ছিন্নকরণ ২২৮ টি, রাইট অবওয়ে (কিঃমিঃ) ৪০৩, মিটার রিপোর্ট তদন্ত ও ব্যবস্থা গ্রহণ ১২৫ টি, লাইন পরিদর্শন (কিঃমিঃ) ০, লাইন রক্ষণাবেক্ষণ- ১২০ কিঃমিঃ, এলটি তার পরিবর্তনকরণ- ০, ইকুইপমেন্ট রেকর্ড কার্ড আপটুডেট -১৮ টি, ইকুইপমেন্ট গ্রাউন্ডিং চেক/মেরামত-১৮, ওভারলোড ট্রান্সফরমার পরিবর্তন ০ টি, বিনষ্ট/ভাঙ্গা/পঁচা/ঝুঁকিপূর্ণ পোল পরিবর্তন ১৬ টি, ওয়ারিং পরিদর্শন ১৯৩ ও প্রাথমিক সমীক্ষা সম্পাদন ২২৬ টি। | ১। সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং গ্রাহকদের অভিযোগ সমাধানে অধিকতর তৎপর হওয়ার জন্য বলা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কালকিনি জোনাল অফিস |

চলমান পাতা-০৪

CamScanner

আলোচ্য বিষয় -১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপস্থিত কিন্তু কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিলের জন্য বলা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

আলোচ্য বিষয় -১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে উপজেলা পল্লী উন্নয়ন বিভাগে কার্যক্রমঃ বিআরডিডি'র আওতাধীন কালকিনি উপজেলায় বাস্তবায়িত মোট প্রকল্প/কর্মসূচী ঃ ০৬ টি, সমিতি গঠন-২ টি, সদস্য ভর্তি-১২ জন, শেয়ার জমা-০.৩৮ লক্ষ টাকা , সঞ্চয় জমা- ৬.২০ লক্ষ টাকা, পল্লী উদ্যোক্তা ঋণ বিতরণ-৪১.৬০ লক্ষ টাকা, ঋন বিতরণ ১৫৩.৮৯ লক্ষ টাকা, ঋন আদায়- ১৩০.১৫ লক্ষ টাকা, মেয়াদোত্তীর্ণ খেলাপী- ৫.৯০ লক্ষ টাকা, মোট বকেয়া- ০ লক্ষ টাকা , প্রশিক্ষণ-৬৫ জন, বর্তমান পর্যন্ত মোট সমিতি- ৮২৮ টি, বর্তমান পর্যন্ত মোট সদস্য- ১৪০৭৮ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং ঋন প্রদানে আরও সচেষ্ট হওয়ার জন্য বলা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় ১৪। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপস্থিত কিন্তু কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিলের জন্য বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৫। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের বিভাগীয় কার্যক্রমঃ<br>১। সুদমুক্ত ঋণ সংক্রান্ত তথ্যঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগে ক্ষুদ্রঋণ খাতে (ক) আর এস এস বিনিয়োগ: ১১৭৪৯১৪৫.০০ আদায়ের হার-৭৭% পুনঃ বিনিয়োগ: ১৩৫৩৩১৩৪.০০, আদায়ের হার ৯১% (খ) পল্লী মাতৃকেন্দ্র খাতে বিনিয়োগ: ২৩৪৯৪৮১.০০, আদায়ের হার-৭৮% পুনঃবিনিয়োগ: ২২০০৯৫৫.০০, বিনিয়োগের আদায়ের হার ৯২%। (গ) দগ্ধ ও অসচ্ছল প্রতিবন্ধী বিনিয়োগ: ১৩৮১৪৬২.০০, আদায়ের হার- ৬৫% পুনঃবিনিয়োগ: ৬৬৭০০০.০০ আদায়ের হার ৭৫% (বকেয়া ঋণ আদায়ের ক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের নিকট সহযোগিতা কামনা করেন)।<br>২। সামাজিক নিরাপত্তা বেষ্টনি সংক্রান্ত তথ্যঃ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক ভাতা নিয়মিত-১০০৪৬ জন, বিধবা বা স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ৩৫৩৭ জন, প্রতিবন্ধী ভাতা ৫৩১৬ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১১৫ জন, অনগ্রসর জনগোষ্ঠির বয়স্ক ভাতা ১০৯ জন, শিক্ষা উপবৃত্তি ৩৭ জন, বেঁদে ও হরিজন বিশেষ ভাতা ৩৩ জন ও শিক্ষা উপবৃত্তি ৩০ জন।<br>৩। স্বেচ্ছাসেবী সংস্থা সংক্রান্ত আলোচনাঃ নিবন্ধিত সংস্থার সংখ্যা ৭১টি। ২০২৪-২৫ অর্থ বছরে জাতীয় সমাজকল্যান পরিষদ হতে বার্ষিক অনুদানের জন্য আবেদন গ্রহণ করা হয়েছে। পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে।<br>৪। বে-সরকারী এতিমখানা সংক্রান্ত আলোচনাঃ কালকিনি ও ডাসার উপজেলায় ১০টি বে-সরকারী এতিমখানা রয়েছে। ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত মোট এতিম সংখ্যা ২২৮ জন। ২০২৪-২০২৫ অর্থ বছরে ক্যাপিটেশন গ্রান্টের ১ম কিস্তি ২৭৩৬০০০/- টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রতিটি এতিমখানা পরিদর্শন করে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>০৫। জটিল রোগের আর্থিক সাহায্য :- ক্যান্সার, কিডনী, লিভার সিরোসি, ষ্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান এককালীন জনপ্রতি ৫০০০০.০০ টাকা | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৫

আলোচ্য বিষয় -১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>১। যুব প্রশিক্ষণ (রাজস্ব):</u> ২০২৪-২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ১৪ ব্যাচ ৪২০ জন, অর্থ বছরের অর্জন- ১৪ ব্যাচ ৪২০ জন, হার ১০০%, জনসচেতনতা বিষয়ে প্রশিক্ষণ- ৩০ ও ক্রমপুঞ্জিত অগ্রগতি -৮৮৮৫ জন<br><u>২। যুব ঋণ বিতরণ ও আদায় (আত্মকর্ম):</u> ২০২৪-২০২৫ অর্থ বছরের বিতরণ লক্ষ্যমাত্রা- ২৩৮০০০০.০০, চলতি মাসে ঋণ বিতরণ ০, চলতি বছরের অর্জন ৪৪৭০০০০.০০, হার ১৮০%, ঋণ আদায়ের হার গত মাস- ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.০০% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬০৯৬৬০০০.০০ টাকা।<br><u>৩। পরিবার ভিত্তিক কর্মসূচীর ঋণ বিতরণ ও আদায়:</u> ২০২৪-২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ৪৮০০০০.০০, অর্থ বছরের অর্জন-৬০০০০০, হার ১২৫% ঋণ আদায়ের হার- ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.৭৬% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪২০০৮৫০০.০০<br><u>৪। যুব ঋণ বিতরণ ও আদায় (জোড়দারকরণ):</u> ২০২৪-২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ০ | ১-৪: সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য বলা হয় এবং পরবর্তী সভায় প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য দাখিলের জন্য বলা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৮। উপজেলা বন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সাম্প্রতিক সময়ে কালকিনি উপজেলা পরিষদ চত্বরে নিজস্ব ভূমিতে ঝড়ে উপরে পড়া, মরা, অর্ধ মরা ও বিনষ্টযোগ্য বিভিন্ন প্রজাতির ২০টি গাছ সরেজমিনে পরিদর্শন করে তার স্থানীয় মূল্য সর্বমোট = ১০৩৯৪৭.০০ টাকা নির্ধারন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সভাকে অনুরোধ জানান। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>ফরেষ্টার, বন বিভাগ<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ১৯। উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে আইসিটি বিভাগের কার্যক্রমঃ সভায় তার দাপ্তরিক কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-<br>ক. উপজেলায় ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় ৩২০টি শিক্ষা প্রতিষ্ঠান ও সরকার প্রতিষ্ঠানে ১১৫টি প্রতিষ্ঠানে উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন সম্পন্ন করা হয়েছে।<br>খ. উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম চলমান।<br>গ. সাইবার ঝুঁকি মোকাবিলায় সরকারী দপ্তরের সকল কর্মকর্তাদের ১দিন ব্যপি সাইবার সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>ঘ. জুন মাসে ওয়েব পোর্টাল, ডি নথিসহ অন্যান্য কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে ২টি দপ্তরকে।<br>ঙ. আইসিটি ডিজিটাল ল্যাব ও রোবটিক্স ল্যাব নিয়মিত পরিদর্শন করা হয়। | সভায় উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকারী সকল দপ্তরের সেবা সহজীকরনের লক্ষ্যে ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য বলা হয়। | উপজেলা আইসিটি অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>সভায় উপস্থিত কিন্তু কার্যপত্র দাখিল করেননি।</u> | নিয়মিত কার্যপত্র দাখিলের জন্য বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ২১। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -২২। উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>১। দাপ্তরিক কার্যক্রম সংক্রান্ত আলোচনা:</u> আলোচ্য মাসে সদস্য ভর্তি ১৬ জন, মোট সদস্য স্থিতি ২৬৯৫ জন, মাসে ঋণ বিতরণ ৬৩.৯২ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ ৩০১.৪৯ লক্ষ টাকা, মাসে ঋণ আদায় ৬০.২৫ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ৩৫৬.৮২ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৯৭%, খেলাপী ঋণের পরিমাণ ৫৪.১৫ লক্ষ টাকা, মাসে নীট সঞ্চয় আদায় ০.০০, এ পর্যন্ত মোট সঞ্চয় স্থিতি ২৬১.১৫ লক্ষ টাকা। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণের তালিকা প্রস্তুত করে সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য বলা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |

চলমান পাতা-০৬



CamScanner

আলোচ্য বিষয় -২৩। কৃষি উন্নয়ন কর্পোরেশন কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্রও দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিল ও সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়। | উচ্চতর-উপ-সহকারী প্রকৌশলী(সেচ) |

২৪। রাজস্ব তহবিল এর বিভিন্ন ব্যয় অনুমোদন সংক্রান্ত আলোচনা:

| | | |
|---|---|---|
| ১। ব্যয়োত্তর অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ সভায় জরুরী ভিত্তিতে নিম্নলিখিত ব্যয় সমূহের অনুমোদন করার উপস্থাপন করা হয়:- ক। মালী এর মে/২০২৫ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ টাকা। খ। পরিচ্ছন্নতা কর্মীর মে/২০২৫ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ গ। মে/২০২৫ মাসের ইন্টারনেট বিল =৪০০০.০০ টাকা। ঘ। মে/২০২৫ মাসের আনুষঙ্গিক বিল =৫০০০.০০ টাকা ঙ। মে/২০২৫ মাসের বিভিন্ন সভার আপ্যায়ন বিল =৩০০০০.০০ চ। উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ হিসাবে ২০২৪-২০২৫ অর্থ বছরে পরিষদ অংশের চাঁদা ও সুদ প্রদান = ৩৬৩০০৮.০০ টাকা। ছ। উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে ০৩টি লাইট পোষ্ট/ইলেকট্রিক পোষ্টে হ্যালোজেন লাইট স্থাপন বাবদ = ২৫০০০.০০ টাকা। জ। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) এর দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়ী রাখার সেডের চাল পরিবর্তন = ২৩০০০.০০ টাকা। ঝ। উপজেলা পরিষদ ভবন-২ এর একটি জানালা পরিবর্তন বাবদ = ৭০০০.০০ টাকা। ঞ। উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ বিল = ২৬৭৮৯.০০ টাকা। | ১(ক-ঞ) উল্লিখিত বিল সমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে উক্ত বিল সমূহ অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালকিনি, মাদারীপুর। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৬/২৫

(সাইফ-উল-আরেফীন)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কালকিনি, মাদারীপুর

স্মারকনং: ৪৬.৪১.৫৪৪০.০০০.০০.০৩১.২০২৫-২৭

তারিখ: ১১ আষাঢ়, ১৪৩২
২৫ জুন, ২০২৫

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর।
০৫। প্রশাসক, কালকিনি পৌরসভা।
০৬। উপজেলা ......................................... অফিসার, কালকিনি, মাদারীপুর।
০৭। চেয়ারম্যান ..................................ইউনিয়ন পরিষদ(সকল) কালকিনি,মাদারীপুর।
০৮। জনাব...........................................................................................

২৫/৬/২৫

(সাইফ-উল-আরেফীন)
উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর

CamScanner